# পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

## জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

ফোন: ০২৫৮৮৮-৪৪৯৮১

তারিখ: ১৮.০৬.২০২৫

প্রেস রিলিজ

### পাবিপ্রবিতে শিক্ষার্থীদের জন্য বিদেশে উচ্চশিক্ষা বিষয়ে সেমিনার অনুষ্ঠিত

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে আজ বুধবার (১৮ জুন) শিক্ষার্থীদের জন্য 'রোড টু হায়ার স্টাডিজ ইন অ্যাবরোড' বিষয়ে এক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. এস এম আব্দুল-আওয়াল। বিশেষ অতিথি ছিলেন উপ-উপাচার্য অধ্যাপক ড. মো. নজরুল ইসলাম এবং কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. শামীম আহসান।

রিসোর্স পারসন হিসেবে সেমিনারটি পরিচালনা করেন উপাচার্য অধ্যাপক ড. এস এম আব্দুল-আওয়াল। তিনি বিদেশে উচ্চশিক্ষা নিয়ে শিক্ষার্থীদের বিশদভাবে আলোচনা করেন। সিভি তৈরি, স্কলারশিপ পাওয়া, বিশ্ববিদ্যালয়ে যোগাযোগ, মেইল করা প্রতিটি বিষয় নিখুঁতভাবে তুলে ধরেন। তিনি বলেন, বিদেশে উচ্চশিক্ষা গ্রহণে যেতে চাইলে রেজাল্ট, ইংরেজি প্রফিসিয়েনসি, এক্সট্রা কারিকুলার ও পাবলিকেশন এই ৪টি বিষয় লাগবে। উপাচার্য বেলজিয়াম, যুক্তরাষ্ট্র এবং যুক্তরাজ্য বিশ্বের বিখ্যাত ৩টি বিশ্ববিদ্যালয় থেকে ডিগ্রি নিয়েছেন। সেসব বাস্তব অভিজ্ঞতাগুলোও তুলে ধরেন।

উপ-উপাচার্য অধ্যাপক ড. মো. নজরুল ইসলাম বলেন, বিদেশে যাওয়ার আগে আমাদের কিছু টেকনিক জানতে হবে। যে যেখানে আবেদনের যোগ্য সেখানে আবেদন করতে হবে। দক্ষতা অর্জন করা এবং বৈচিত্র্য আনতে হবে।

কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. শামীম আহসান বলেন, নিজের গন্ডিকে বড় করতে হবে। জ্ঞানকে কাজে লাগাতে হবে। বিদেশে উচ্চশিক্ষা গ্রহণে 'ব্রেইন ড্রেইন' না করে 'ব্রেইন গেইন' করে দেশে এসে দেশের জন্য কাজ করতে হবে।

সভাপতিত্ব করেন ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাস্যুরেন্স সেল (আইকিউএসি)-এর পরিচালক অধ্যাপক ড. মো. শামীম রেজা এবং সহযোগিতায় ছিলেন অতিরিক্ত পরিচালক অধ্যাপক ড. মো. নূর আলম। আইকিউএসি'র উদ্যোগে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষার্থীরা অংশগ্রহণ করেন।

দুপুর ২টায় শুরু হয়ে সন্ধ্যা ৬টা পর্যন্ত চলে। সেমিনারটি বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় গ্রন্থাগার ভবনের ভার্চুয়াল শ্রেণিকক্ষে অনুষ্ঠিত হয়।

১৮.০৬.২০২৫
(মো. বাবুল হোসেন)
সহকারী পরিচালক
জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।